



## 2017-এর 3-8 শ্রেণীর নিউ ইয়র্ক রাজ্যের মূল্যায়ন: বাবা-মায়েদের কী কী জানার প্রয়োজন

প্রতি বসন্তে, সারা নিউ ইয়র্ক রাজ্যজুড়ে শিক্ষার্থীদের ইংরেজি ভাষাশিল্প (English Language Arts, ELA) ও গণিতের পরীক্ষা নেওয়া হয়। এই বার্ষিক পরীক্ষাগুলি এমনভাবে পরিকল্পিত হয়েছে যেন তা শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে পথপ্রদর্শনের জন্য দেওয়া নির্দেশগুলি শেখার মান কতটা আয়ত্ত করতে পারছে তা মাপতে পারে এবং আজকের দুনিয়ায় সাফল্য পেতে যে জটিল চিন্তাধারা, সমস্যার সমাধান করা এবং যুক্তির দক্ষতার প্রয়োজন, উচ্চ বিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হতে যাওয়া শিক্ষার্থীদের সেবিষয়ে সঠিক পথে থাকা সুনিশ্চিত করতে সাহায্য করতে পারে। এই পরীক্ষাগুলি দেখায় যে বিদ্যালয়গুলি ও জেলাগুলি শিক্ষার মানের দিক থেকে কতটা অগ্রসর হচ্ছে। নীচে আপনি 2017-এর পরীক্ষার বিষয়ে তথ্য পাবেন।

### সময়সীমাহীন পরীক্ষণ

- 2017-এর 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষায় সময়সীমা থাকবে না, যাতে যে সব শিক্ষার্থীরা নিজেরা যা জানে বা করতে পারে তা প্রকাশ করার জন্য নিজেদের গতিতে কাজ করতে পারবে। 2016-এর পরীক্ষাগুলিতেও সময়সীমা ছিল না।
- সাধারণভাবে এর অর্থ হল, শিক্ষার্থীরা যতক্ষণ পর্যন্ত ফলপ্রসূভাবে কাজ করতে পারছে, ততক্ষণ পর্যন্ত তাদের পরীক্ষা সম্পূর্ণ করতে যত সময় প্রয়োজন তা তারা পাবে, বিদ্যালয়ের নিয়মিত দিনের সময়সীমার মধ্যে।

### পরীক্ষায় আরও কম সংখ্যক প্রশ্ন

- 2017-তেও 2016-এর পরীক্ষার মতো একই সংখ্যক প্রশ্নে পরীক্ষা নেওয়া হবে।
- 2016-এর 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প-এর পরীক্ষায় বিগত বছরগুলির তুলনায় একটি পাঠযোগ্য রচনাংশ কম ছিল ও প্রশ্নের সংখ্যাও কম ছিল। 2016-এর পরীক্ষায়ও কম সংখ্যক প্রশ্ন ছিল।

### শিক্ষকদের আরও বেশি করে জড়িত থাকা

- 2017-এর মূল্যায়নের পরিকল্পনা ও পর্যালোচনায় নিউ ইয়র্ক রাজ্যের কয়েকশো শিক্ষাবিদ জড়িত ছিলেন।
- 2015-এর হেমন্তের শুরু থেকেই সময়ের পথ ধরে এগোলে নিউ ইয়র্ক রাজ্যের আরও বেশি বেশি সংখ্যক শিক্ষকগণ পরীক্ষার যাবতীয় প্রশ্নের পর্যালোচনা ও পরীক্ষার বিন্যাস গঠনে জড়িত থেকেছেন এবং থাকবেনও।
- 2017-এর পরীক্ষার প্রশ্নমালার মূল্যায়ন ও নির্বাচনের জন্য সারা রাজ্যের শিক্ষকরা 2016-এর গ্রীষ্ম ও হেমন্তকাল জুড়ে অ্যান্থ্রানি-তে একত্রিত হয়েছিলেন।
- সর্বপ্রথম এবারেই নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষকরা 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষার প্রশ্নপত্র রচনা করবেন। এই প্রশ্নগুলি প্রথমবার ব্যবহৃত হবে 2018-এর পরীক্ষায়।

### শিক্ষকদের জন্য আরও দ্রুত ফল পাওয়া এবং বাবা-মায়েদের জন্য আরও উন্নত সম্পদসমূহ

- গতবছরের মতোই রাজ্যের শিক্ষা বিভাগ (State Education Department) বিদ্যালয়ের শিক্ষাবর্ষের শেষে শিক্ষকদের কাছে নির্দেশনা সম্বলিত রিপোর্টসমূহ ফেরত পাঠানোর ও পরীক্ষার প্রশ্নগুলির অন্ততপক্ষে 75% প্রকাশ করার পরিকল্পনা করছেন।
- গতবছরের মতোই 2017-এর বাবা-মায়েদের জন্য নম্বরের রিপোর্টে প্রত্যেক স্তরের শিক্ষার্থীদের কী জানা ও করতে পারা উচিত সে সম্পর্কে হালনাগাদ করা স্পষ্ট নকশা ও আরও তথ্য থাকবে। গ্রীষ্মের মধ্যেই এগুলি তৈরি হয়ে যাবে।

### কম্পিউটার-ভিত্তিক পরীক্ষণ

- এই বসন্তে কয়েকটি জেলা 2017-এর 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষা CBT-তে নেবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় (computer-based test, CBT) কাগজ সংস্করণের মতো একই প্রশ্নমালা থাকবে কিন্তু শিক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে কোন কম্পিউটার, ট্যাবলেট বা ক্রোমবুক (Chromebook) -এ। পরের বছর অতিরিক্ত কিছু জেলাতে CBT ব্যবহারের বিষয়ে রাজ্যের পরিকল্পনা রয়েছে।
- রাজ্য জেলাগুলিকে CBT-তে রূপান্তরে সাহায্য করছে। দীর্ঘমেয়াদী পরিকল্পনা হল সবকটি জেলাতেই রাজ্যের বার্ষিক পরীক্ষায় CBT ব্যবহার করা, কারণ CBT-তে মূল্যায়নগুলিকে আরও শক্তিশালী নির্দেশ সরঞ্জাম হিসেবে গড়ে তোলার এবং ফলাফল আরও দ্রুত প্রাপ্ত করার সম্ভাবনা রয়েছে।